# উপজেলা পরিষদ কার্যালয়
লামা, বান্দরবান পার্বত্য জেলা।

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

## লামা উপজেলা পরিষদের **অক্টোবর/২০২১** মাসের সাধারণ সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ মোস্তফা জামাল<br>চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ<br>লামা, বান্দরবান পার্বত্য জেলা। |
| তারিখ | : | ১৩ অক্টোবর ২০২১ |
| সময় | : | সকাল- ১১.০০ ঘটিকা |
| সভার স্থান | : | উপজেলা পরিষদ সভাকক্ষ। |
| উপস্থিতি | : | উপস্থিতি রেজিস্টারে লিপিবদ্ধ। |

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান এবং সভা পরিচালনার জন্য উপজেলা পরিষদের নবাগত উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানান এবং সকলের পরিচিতি উপস্থাপন করেন। তিনি উপজেলার সার্বিক কার্যক্রম পরিচালনার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। অত:পর সভায় আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনা করা হয় এবং নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গ্রহণ করা হয়।

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১। | বিভাগীয় কর্মকর্তাগণের উপস্থিতি প্রসঙ্গে :<br>উপজেলা পরিষদ আইন ১৯৯৮ এর অনুযায়ী উপজেলা পরিষদে ১৭টি দপ্তরকে উপজেলা পরিষদে ন্যস্ত করা হয়। অধিকন্তু দেখা যায়, মাসিক সভার দিন অনেক কর্মকর্তা অনুপস্থিত থাকেন এবং প্রতিনিধি প্রেরণ করেন। এক্ষেত্রে সভায় সেই বিভাগের কার্যক্রম সম্পর্কে সিদ্ধান্ত নিতে অসুবিধা হয়। প্রত্যেক সভায় বিভাগীয় প্রধানগণ উপস্থিত থাকার জন সভাপতি সকল সদস্যকে অনুরোধ করেন। | ক) বিভাগীয় কর্মকর্তাদের সরকারি বিভিন্ন দিবস ও উপজেলা পরিষদের সভা সমূহে উপস্থিত থাকতে হবে।<br>খ) বিভাগীয় কর্মকর্তা/কর্মকর্তার প্রতিনিধি ইউনিয়ন পরিষদের মাসিক সভায় উপস্থিত থাকবেন।<br>গ) উপজেলা পরিষদের সেবা বৃদ্ধির লক্ষ্যে প্রত্যেক বিভাগের সহযোগিতা আরো বৃদ্ধি করতে হবে। | ১। উপজেলা পরিষদ সদস্য (সকল)<br>২। বিভাগীয় কর্মকর্তা (সকল)<br>৩। ইউপি চেয়ারম্যান (সকল) |
| ২। | বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ হতে জারীকৃত নতুন পরিপত্র/সার্কুলার/ চিঠি-পত্রের বিষয়ে আলোচনা :<br>ক) সকল বিভাগীয়/দপ্তর প্রধানদের সরকার কর্তৃক জারীকৃত নতুন পরিপত্র/সার্কুলার/ চিঠি-পত্রের বিষয়ে উপজেলা পরিষদের সাধারণ সভায় আলোচনা করার আহবান জানান।<br>গ) নতুন পরিপত্র/সাকুলার থাকলেও বিভাগীয় প্রধানগণ সভায় আলোচনা করেন না। এ বিষয়ে সভাপতি সভায় অসন্তোষ প্রকাশ করেন। | মন্ত্রণালয় / বিভাগ / অধিদপ্তর হতে জারীকৃত পরিপত্র/সাকুলার/চিঠিপত্রের বিষয়ে আলোচনা থাকলে তা পরিষদের সভা অনুষ্ঠিত হওয়ার ০১ সপ্তাহ পূর্বে উপজেলা পরিষদে প্রেরণ করতে হবে এবং উক্ত প্রত্রের বিষয়াদি উপজেলা চেয়ারম্যান মহোদয়ের দপ্তরে প্রেরণ করতে হবে।<br>খ) পরিষদের নিকট হস্তান্তরিত বিষয়ে সকল কাগজপত্র ও নথি, উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয়ের নিকট অনুমোদনের জন্য পেশ করতে হবে। | বিভাগীয় প্রধান (সকল) |
| ৩। | মাননীয় উপদেষ্টা মহোদয়ের সুপারিশ /পরামর্শ বাস্তবায়ন বিষয়ে আলোচনা :<br>অক্টোবর/২০২১ইং মাসে মাননীয় উপদেষ্টা মহোদয়ের কোন সুপারিশ/পরামর্শ থাকলে তা আলোচনা করার আহবান জানান। | মাননীয় উপদেষ্টা মহোদয়ের সুপারিশ/পরামর্শ মোতাবেক ব্রীজ, কালভার্ট, সেতু ও অন্যান্য উন্নয়নমূলক কাজ দ্রুত বাস্তবায়ন করতে হবে। | ১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা।<br>২। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল) |

## অক্টোবর/২০২১ মাসে কার্যপত্র পাওয়া গেছে

| | |
|---|---|
| ১। উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়<br>২। উপজেলা কৃষি বিভাগ<br>৩। উপজেলা স্বাস্থ্য বিভাগ<br>৪। উপজেলা সমাজসেবা বিভাগ<br>৫। উপজেলা প্রকৌশলী, এলজিইডি<br>৬। উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলীর অফিস<br>৭। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়<br>৮। উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়<br>৯। উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | ১০। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়<br>১১। উপজেলা সমবায় বিভাগ<br>১২। উপজেলা মৎস্য কর্মকর্তা<br>১৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা<br>১৪। আমার বাড়ি আমার খামার প্রকল্প ও পল্লী সঞ্চয় ব্যাংক |

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ৪। | বিভিন্ন উপজেলা কমিটির সুপারিশ বাস্তবায়ন বিষয়ে আলোচনা :<br>উপজেলা পরিষদকে অধিকতর কার্যকর করার নিমিত্ত উপজেলা পরিষদের ১৭টি উপজেলা কমিটির সভা করার সিদ্ধান্ত রয়েছে। সদস্যসচিব ও সভাপতি দুজনের যৌথ সমন্বয়ে স্থায়ী কমিটির সভা আহবান পূর্বক সম্পন্ন করে উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবরে কার্যবিবরণীসহ প্রেরণ করার অনুরোধ করেন।<br><br>সভাপতি বলেন, স্থায়ী কমিটির সভা আহবানের ব্যাপারে স্থায়ী কমিটির সভাপতি সভার দিন, তারিখ, ভেন্যু ও সময় নির্ধারণ করে সংশ্লিষ্ট সকলকে পত্র দিবেন। | ক) স্থায়ী কমিটির সভা আহবান পূর্বক স্থায়ী কমিটির গৃহীত যেসব সিদ্ধান্ত উপজেলা পরিষদের মতামতের প্রয়োজন সেসব বিষয় উপজেলা পরিষদের সাধারণ সভার কার্যপত্রে উপস্থাপন করতে হবে।<br><br>খ) সভাপতির সিদ্ধান্ত মোতাবেক স্থায়ী কমিটির সভা করে কার্যবিবরণীর কপি উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবরে প্রেরন এবং উপজেলা পরিষদের সাধারণ সভায় উপস্থাপন করতে হবে। | ১। সভাপতি উপজেলা পরিষদ সম্পর্কিত স্থায়ী কমিটি<br>২। সদস্য সচিব উপজেলা পরিষদ সম্পর্কিত স্থায়ী কমিটি |
| ৫। | আমার বাড়ি আমার খামার প্রকল্প (পল্লী সঞ্চয় ব্যাংক) কার্যক্রম বাস্তবায়ন বিষয়ে আলোচনা :<br>উপজেলা সমন্বয়ক জানান, আমার বাড়ি আমার খামার প্রকল্পের মাঠ পর্যায়ে কাজ চলমান রয়েছে।<br>মাননীয় প্রধানমন্ত্রীর স্বপ্নপ্রসুত একটি বাড়ি একটি খামার (৩য় সংশোধিত) প্রকল্পের লামা উপজেলায় সমিতি গঠন এবং সঞ্চয় আদায় লক্ষমাত্রা অনুযায়ী শতভাগ অর্জন হয়েছে। চলতি মাসে<br>মোট সমিতি- ২৩৯টি, উপকারভোগী- ১১৩৮৯<br>চলতি মাসে সঞ্চয় আদায়- ৫.১০ লক্ষ টাকা, ক্রমপুঞ্জিত ৫৯৪.৮৬ লক্ষ<br>চলতি মাসে ঋণ আদায়- ৮৪.৭৮ লক্ষ টাকা, ক্রমপুঞ্জিত- ১৯২৪.৬৯<br>চলতি মাসে ঋণ বিতরন- ৯৯.৬৫ লক্ষ টাকা, ক্রমপুঞ্জিত ৩৬০৬.৩২<br>মোট তহবিলের পরিমাণ- ১৭৮২.৭১ লক্ষ টাকা<br>আমার বাড়ি আমার খামার প্রকল্পের লামা উপজেলায় কার্যক্রম সন্তোষজনক। | ক) প্রতিটি সূচকে লক্ষমাত্রা অর্জনে অগ্রগতি বাড়াতে হতে হবে এবং উপজেলা পরিষদে অগ্রগতি প্রতিবেদন জমা দিতে হবে।<br><br>খ) ইউনিয়ন ভিত্তিক সমিতি সমূহের একটি হালনাগাদ তালিকা উপজেলা পরিষদে জমা দিবেন।<br><br>গ) ঋণ বিতরণে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানবৃন্দের মতামত/পরামর্শ গ্রহণ করতে হবে।<br><br>ঘ) একটি বাড়ি একটি খামার প্রকল্পের সার্বিক কার্যক্রম সম্পর্কে উপজেলা পরিষদকে অবহিত করতে হবে। | শাখা ব্যবস্থাপক |
| ৬। | নিরাপদ খাদ্য নিশ্চিতকরণ :<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক চলছে।<br>ক) তিনি আরো জানান, খাদ্য গুদামের নিন্মোক্ত খাদ্যশস্য মজুদ আছে।<br>১) চাল-২৫৩.৭০৮ মে: টন<br>২) গম ২৬.৮৬৫ মে: টন। | ক) উপজেলা খাদ্য নিয়ন্ত্রক বিভাগের জনসেবার বিষয়টি নিশ্চিত করতে হবে।<br>খ) চাল বোরো/ধান সংগ্রহ অত্র উপজেলায় অব্যাহত রাখতে হবে।<br>গ) খাদ্য গুদামে মজুদের বিবরণী উপজেলা পরিষদে প্রতিবেদন প্রেরণ করতে হবে।<br>ঘ) খাদ্য গুদাম থেকে চাল ছাড় করার প্রাক্কালে বস্তার সঠিক পরিমাণ ঠিক রাখতে হবে। এ বিষয়ে কোন অভিযোগ গ্রহণযোগ্য হবে না।<br>ঙ) উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে আলোচনাক্রমে ওএমএস পয়েন্টে সিদ্ধ চাউল মজুদ রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ৭ | **ন্যস্তকৃত বিভাগ সমূহের উপর আলোচনা :** | | |
| ৭.১ | **উপজেলা এলজিইডি (LGED) বিভাগ :**<br>ক) উপজেলা প্রকৌশলী সভায় জানান, ২০২১-২০২২ অর্থবছরে এডিপি'র বরাদ্দকৃত অর্থ দ্বারা ৫৭টি স্কীম গ্রহণপূর্বক অনুমোদিত হয়। অনুমোদিত স্কীম সমূহের প্রাক্কলন প্রস্তুতের কাজ চলমান। প্রাক্কলন প্রস্তুত কাজ সম্পন্ন হলে আগামী ডিসেম্বর/২০২১ইং মাসে টেন্ডার আহবান করা হবে।<br>খ) উপজেলা প্রকৌশলী সভায় আরো জানান, অত্র উপজেলায় কর্মকর্তা/কর্মচারীদের থাকার জন্য কোন ডরমেটরী নাই। ডরমেটরী না থাকায় কর্মকর্তা/কর্মচারীদেরকে বিচ্ছিন্নভাবে বিভিন্ন জায়গায় অবস্থান করতে হচ্ছে। তিনি অত্র উপজেলায় একটি ডরমেটরী ভবন নির্মাণের প্রস্তাব করেন।<br>গ) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা কমপ্লেক্স এর অভ্যন্তরে কমপ্লেক্স এলাকায় সুপেয় পানির কোন ব্যবস্থা নাই। উপজেলা কোয়ার্টারে যারা থাকেন তাদের বহুদুর গিয়ে সুপেয় বিশুদ্ধ পানি সংগ্রহ করতে হয়। সুপেয় পানির ব্যবস্থা গ্রহণের জন্য তিনি জনস্বাস্থ্য প্রকৌশলীকে অনুরোধ করেন।<br>ঘ) উপজেলা প্রকৌশলী আরো জানান যে, উপজেলা কমপ্লেক্স এর অভ্যন্তরে উপজেলা চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের বাসভবন নির্মাণ কাজ চলমান।<br>ঙ) উপজেলা প্রকৌশলী আরো জানান যে, ২০২০-২০২১ অর্থবছরে ইউজিডিপির আওতায় লামা উপজেলাধীন ০৩(তিন) টি প্রকল্পের কাজ প্রস্তুত করে অতি শ্রীঘ্রই অনুমোদনের জন্য ঢাকায় প্রেরণ করতে হবে। | ক) ২০২১-২০২২ অর্থবছরের এডিপি'র ৫৭টি স্কীমের প্রাক্কলন প্রস্তুত পূর্বক দ্রুত বাস্তবায়ন করতে হবে।<br>খ) আবাসন সংকট নিরসরে জন্য কর্মকর্তা/কর্মচারীদের ডরমেটরী/বাসভবন নির্মাণের জন্য স্থানীয় সরকার বিভাগে পত্র প্রেরণ করতে হবে।<br>গ) উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী, উপজেলা কমপ্লেক্স এর অভ্যন্তরে সুপেয় পানির জন্য ব্যবস্থা গ্রহণ করবেন।<br>ঘ) উপজেলা চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার এর বাসভবনের কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।<br>ঙ) ইউজিডিপির আওতায় লামা উপজেলাধীন ০৩(তিন) টি প্রকল্পের কাজ প্রস্তুত করে অতি শ্রীঘ্রই অনুমোদনের জন্য প্রেরণ করতে হবে ও ওয়েব পোর্টালে আপলোড করতে হবে। | ক) উপজেলা প্রকৌশলী<br>খ) জনস্বাস্থ্য প্রকৌশলী<br>গ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল) |
| ৭.২ | **উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস :**<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান, বিভাগের কাজ স্বাভাবিক চলছে। তিনি আরো জানান,<br>১। ২০২০-২০২১ অর্থ বছরে টিআর/কাবিটা কর্মসূচির চুড়ান্ত প্রতিবেদন প্রেরণ করা হয়েছে।<br>২। ২০২০-২০২১ অর্থ বছরে জিআর চাল ২৮ মেঃ টন এবং ৬১,০৭,০৫৩ টাকা বরাদ্দ হয়েছিল। পৌরসভার মেয়র মহোদয় ও ইউপি চেয়ারম্যানগণের মাধ্যমে বিতরণ করা হয়েছে।<br>৩। ১,০০,০০০/- টাকার শিশু খাবার ক্রয় করে তা বিতরণ করা হয়েছে।<br>৪। ঈদ-উল-আযহা উপলক্ষে ৬২৮৯ জনকে ১০ কেজি হারে চাল বিতরণ করা হয়েছে। (ভিজিএফ)<br>৫। জুলাই মাসে বন্যার সময় জিআর চাল ৪০.০০ মেঃ টন বরাদ্দ হয় এবং তা পৌরসভার মেয়র মহোদয় এবং ইউপি চেয়ারম্যানগণের মাধ্যমে বিতরণ করা হয়। | ক) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কার্যালয়ের কাজ সমূহ জনসেবায় নিশ্চিত করতে হবে।<br>খ) টিআর, কাবিখা ও ইজিপিপি প্রকল্পের তালিকা অনুযায়ী দ্রুত বাস্তবায়ন করতে হবে।<br>গ) ২০২১-২০২২ অর্থবছরের টিআর ও অন্যান্য প্রকল্পের কাজ বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে।<br>ঘ) ২০২১-২০২২ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (টিআর কাবিখা-কাবিটা) কর্মসূচির আওতায় উপজেলা পরিষদের অনুকূলে বরাদ্দ অনুযায়ী বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা।<br>২। ইউপি চেয়ারম্যান (সকল) |
| ৭.৩ | **উপজেলা স্বাস্থ্য বিভাগ :**<br>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভায় জানান, তাহার বিভাগের কাজ স্বাভাবিক চলছে। সেপ্টেম্বর/২০২১ মাসের প্রাপ্ত প্রতিবেদন অনুযায়ী দেখা যায়,<br>১। মোট কমিউনিটি ক্লিনিকের সংখ্যা- ৩৪টি<br>২। চালুকৃত কমিউনিটি ক্লিনিকের সংখ্যা- ২৬টি (প্রস্তাবিত-৮টি)<br>৩। কমিউনিটি হেলথ প্রোবাইডারের সংখ্যা- ২৭ জন<br>(কমিউনিটি ক্লিনিকে চিকিৎসাপ্রাপ্ত রোগী- ৭২৩৩ জন)<br>৪। হাসপাতালে ডেলিভারীর সংখ্যা- ২০ জন<br>৫। কমিউনিটি ক্লিনিকে সিএসবি কর্তৃক ডেলিভারীর সংখ্যা- ১৩ জন<br>৬। বর্হিবিভাগে চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা- ৩৭১৬ জন<br>৭। ম্যালেরিয়া রোগীর সংখ্যা- ৬৫ জন (সূত্র অনুযায়ী)<br>৮। ডায়রিয়া রোগীর সংখ্যা-১৮৪ জন ( ,,) | ক) ডাক্তারদের সেবা প্রদানের বিষয়ে আন্তরিক হতে হবে।<br>খ) ইউনিয়ন পর্যায়ে কমিউনিটি ক্লিনিক এর সেবার মান বাড়াতে হবে।<br>গ) উপজেলা ও তদনিম্ন পর্যায়ে 'অত্যাবশ্যকীয় সেবা প্যাকেজ' এর সরবরাহসহ অন্যান্য স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা সেবাদান কার্যক্রমের বাৎসরিক পরিকল্পনা (অবস্থা বিশ্লেষণ, লক্ষ্যমাত্রা নির্ধারণ, কৌশল নির্ধারণ ও পদ্ধতি চিহ্নিতকরণ) প্রণয়নের সার্বিক দিক নির্দেশনা প্রদান ও তত্ত্বাবধান করবেন।<br>ঘ) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, কমিউনিটি ক্লিনিক পর্যায়ে অত্যাবশ্যকীয় সেবা প্যাকেজসহ অন্যান্য সেবাদান কার্যক্রমের পর্যালোচনা, পর্যানুসরণ, পরিবীক্ষণ ও | ১। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা<br>২। ইউপি চেয়ারম্যান (সকল)<br>জুনিয়র কনসালটেন্ট<br>৩। মেডিকেল অফিসার (সকল) |

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| | ৯। ০-৫ বছরের আইএমসিআই রোগীর সংখ্যা- ৯৬৭জন<br>ইপিআই লক্ষ্যমাত্রা<br>বিসিজি-৩৫৭ জন, ৯৮%, পিসিভি- ৩৫৮ জন, ৯৯%,<br>পেন্টা(১)- ৩৫৮ জন, ৯৫%, পিসিভি(২) ৩৬৭জন, ৯৯%,<br>পেন্টা(২)- ৩৬৭ জন, ৯৮%,<br>এম.আর-৩১২ জন ৯৯%, এম.আর(২) ৩০৭ জন ৭৫%। | মূল্যায়ন করবেন।<br>ঙ) উপজেলা ও তদনিম্ন পর্যায়ে স্বাস্থ্য (হাসপাতাল/ক্লিনিক সেবাসহ) সেবার যথাযথ মানের নিশ্চয়তা বিধানে (Quality Assuarance) গৃহীতব্য কার্যক্রমের সার্বিক তত্ত্বাবধান করবেন।<br>চ) করোনা ভাইরাস সংক্রম প্রতিরোধে ইউনিয়ন পর্যায়ে সচেতনতা বাড়াতে হবে। | |
| ৭.৪ | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ :<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>সেপ্টেম্বর/২০২১ মাসের প্রতিবেদন :<br>ক) মোট সক্ষম দম্পতি : ১৯৫৪৭<br>খ) মোট গ্রহণকারী : ১৫৬৭৩<br>গ) সিএআর : ৭৯.৭৪%<br>ঘ) মোট গর্ভবতী : ৮৯০<br>ঙ) এনএসভি : ১৩৩৪<br>চ) পিএনসি : ১৪৯<br>ছ) ডেলিভারী : ২৫<br>জ) খাবার বড়ি (নতুন) : ৯৫<br>ঝ) কনডম (নতুন) : ১১৭৬<br>ঞ) ইনজেকশন (নতুন) : ৭৮<br>ট) আইইউডি (নতুন) : ১৩৩৪<br>ঠ) ইমপ্লান্ট : ১২১৯<br>ড) সাধারণ রোগীর সেবা : ২৭৬৮<br>এমআইএস অধিদপ্তারাধীন মাঠ পর্যায়ের জনসংখ্যা ও দম্পতি নিবন্ধন তথ্য সংগ্রহ ও সেবা প্রদানের তথ্যাদি সংরক্ষণ, প্রতিবেদন প্রেরণ, প্রণয়ন কার্যক্রম ডিজিটিলাইজ করার লক্ষ্যে পঃ পঃ অধিদপ্তর এর অধীনে ডিজিটাইলাইজেশন কার্যক্রম চলছে। | ক) পরিবার পরিকল্পনা কার্যক্রমের ব্যবস্থাপনা, তত্ত্বাবধান এবং বাস্তবায়ন নিশ্চিত করবেন।<br>খ) মা ও শিশু স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা ও পুষ্টিসেবা কার্যক্রম সম্পর্কে মাঠ পর্যায়ে প্রচার প্রচারনা বাড়াতে হবে।<br>গ) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র ও স্যাটেলাইট ক্লিনিক সমূহের মাঠ পর্যায়ের কার্যক্রম তদারকি করবেন।<br>ঘ) রুপসীপাড়া ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র নিয়মিত চালু রাখতে হবে ও সেবা কার্যক্রম বাড়াতে হবে।<br>ঙ) প্রতিমাসে অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করতে হবে। | ১। উপজেলা পঃ পঃ কর্মকর্তা<br>২। মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) |
| ৭.৫ | উপজেলা সমাজসেবা বিভাগ :<br>উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান, তাহার বিভাগের কাজ স্বাভাবিকভাবে চলছে। তিনি আরো জানান,<br>ক) বর্ধিত ভাতাভোগী নির্বাচন এবং যথাযথ কার্যক্রম প্রক্রিয়াধীন।<br>খ) আরএসএস কার্যক্রম চলমান।<br>গ) প্রকল্প সমন্বয় পরিষদ (ইউসিডি) এর আওতায় যুব শক্তির আত্মকর্মসংস্থান সৃষ্টিতে কম্পিউটার প্রশিক্ষণ কোর্স চলমান রয়েছে।<br>ঘ) স্বেচ্ছাসেবী সংস্থার মাঝে আর্থিক অনুদানের চেক বিতরণ করা হয়েছে। | ক) উপজেলা সমাজসেবা বিভাগের জনসেবার বিষয়টি নিশ্চিত করতে হবে।<br>খ) পল্লী সমাজসেবা কার্যক্রমের অন্তর্ভূক্ত প্রকল্প গ্রামীণ জনগোষ্ঠীকে আর্থ সামাজিক উন্নয়নে সংগঠিত ও উদ্বুদ্ধ করবেন।<br>গ) প্রকল্পভূক্ত গ্রামের লক্ষিত জনগোষ্ঠীকে আয়বর্ধক কর্মসূচিতে অন্তর্ভূক্তকরণ এবং দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণের মাধ্যমে আত্ম-কর্মসংস্থানের ব্যবস্থা করিবেন।<br>ঘ) আত্মকর্মসংস্থান সৃষ্টি লক্ষ্যে ঋণ বিতরনের পূর্বে উপজেলা পরিষদকে অবহিত করতে হবে। | ১। উপজেলা সমাজসেবা অফিসার<br>২। উপজেলা সমাজকল্যান সংগঠক।<br>৩। ইউনিয়ন সমাজকর্মী (সকল) |
| ৭.৬ | উপজেলা কৃষি বিভাগ :<br>উপজেলা কৃষি কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, তাঁহার বিভাগের কাজ স্বাভাবিকভাবে চলছে। তিনি আরো জানান,<br>ক) বর্তমানে মাঠে আমন ধান আছে। আউশ কর্তন চলছে। রোগবালাইয়ের আক্রমন নেই। আমন ধান ও অন্যান্য ফসলে রোগবালাই ও পোকামাকড় আক্রমন যাতে না লাগে সেজন্য মাঠ পর্যায়ে উপসহকারী কৃষি কর্মকর্তাগণ কৃষকদের পাশ থেকে পরামর্শ প্রদান করছেন।<br>খ) প্রণোদনার আওতায় আমন মৌসুমে বীজ ও সার ১৫০ জনের মাঝে বিতরণ করা হয়েছে। জাত : ব্রিধান-৪৯, ব্রিধান-৫২, হাইব্রিড অ্যারাইজ, বর্তমানে কুশি অবস্থায় আছে।<br>গ) আমন আবাদ চূড়ান্ত, উফশী-২৪৭৯.০ হেক্টর, সর্বমোট-৩১৮৩.০ হেক্টর। | ক) কৃষকেরা উৎপাদিত কৃষিপণ্যের যাতে ন্যায্য মূল্য পায় সে ব্যাপারে মাঠ পর্যায়ে তদারকি বাড়াতে হবে।<br>খ) ইউনিয়ন পর্যায়ে ব্লক সুপারভাইজারগণ যথাযথ ও সঠিক সময়ে দায়িত্ব পালন করবেন।<br>গ) উপজেলা সার, বীজ মনিটরিং কমিটির সভা আহবান পূর্বক সার বরাদ্দের ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং তার পূর্বে উপজেলা পরিষদকে অবহিত করতে হবে।<br>ঘ) প্রান্তিক কৃষকের সারের অভাব যাতে না হয় সে ব্যাপারে লক্ষ্য রাখতে হবে।<br>ঙ) উপজেলা চেয়ারম্যান মহোদয় বলেন, লামা | ১। উপজেলা কৃষি কর্মকর্তাও<br>২। উপ-সহকারী কৃষি কর্মকর্তা। |

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| | ঘ) কাজুবাদাম-৬৫ হেক্টর, কপি-২৮ হেক্টর, ড্রাগন-৬.২ হেক্টর।<br>ঙ) ইউরিয়া সারের ব্যাবহার কমিয়ে ডিএপি সারের ব্যবহার বাড়ানোর উদ্দেশ্যে ডিএপি সারের বরাদ্দ বৃদ্ধি করা হয়েছে।<br>প্রদর্শনী তথ্য :<br>ক) রাজস্ব খাতের আওতায় মাঠে প্রদর্শনী ৩০টি জাত, ব্রিধান- ৭০, ব্রিধান- ৭১, ব্রিধান- ৭২, ব্রিধান- ৭৫, ব্রিধান- ৮০, ব্রিধান- ৮৭, বিনা-২০।<br>খ) রাজস্ব খাতের আওতায় আউশ প্রদর্শনী-২০টি।<br>কপি ও কাজুবাদাম প্রকল্পের প্রদর্শনী :<br>২০২০-২০২১ অর্থ বছরে-১০টি, ২০২১-২০২২ অর্থবছরে ৫০টি। প্রদর্শনীর চারা, সার, ঘেরা/বেড়ার নেট, কীটনাশক বিতরণ করা হয়েছে।<br>বাণিজ্যিক প্রদর্শনী জমির পরিমাণ- ১ হেক্টর :<br>উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান, উপজেলা পরিষদের নবনির্মিত ভবনে উপজেলা কৃষি অফিসের অনুকূলে ২ কক্ষের বরাদ্দের জন্য অনুরোধ জানান। | উপজেলায় উন্নত মানের ড্রাগন ফল এর চাষ বৃদ্ধি পেলে প্রান্তিক জনগোষ্ঠীর অর্থনৈতিক সমৃদ্ধি বৃদ্ধি পাবে এ ব্যাপারে উপজেলা কৃষি কর্মকর্তাকে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করার অনুরোধ জানান। | |
| ৭.৭ | বন বিভাগ (সদর রেঞ্জ কর্মকর্তা) :<br>সদর রেঞ্জ কর্মকর্তা সভায় অনুপস্থিতের কারনে বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা যায়নি। | ক) বিভাগীয় কার্যক্রম সম্পর্কে নিয়মিত উপজেলা পরিষদকে অবহিত করতে হবে।<br>খ) অবৈধ করাত কল বন্ধে প্রশাসনের সহযোগিতায় টাস্কফোর্স গঠন করে অভিযান পরিচালনা করতে হবে।<br>গ) উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয়ের বাস ভবন নির্মাণ করার লক্ষ্যে উপজেলা পরিষদের নিয়ন্ত্রণাধীন প্রাক্কলিত গাছগুলো দ্রুত নিলামের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | রেঞ্জ কর্মকর্তা |
| ৭.৮ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ :<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, তাহার বিভাগের কাজ স্বাভাবিক চলছে।<br>২০২১ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট এসএসসি, দাখিল, এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) পরীক্ষা বোর্ড কর্তৃক নির্ধারিত সময়সূচী অনুযায়ী লামা উপজেলা ০৮টি কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের সভাপতিত্বে একটি প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়েছে। | ক) স্কুল পর্যায়ে নিয়মিত মনিটরিং অব্যাহত রাখতে হবে।<br>খ) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস কর্তৃক ২০২১ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট এসএসসি, দাখিল, এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) পরীক্ষা বোর্ড কর্তৃক নির্ধারিত সময়সূচী সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে। | ১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>২। প্রধান শিক্ষক (সকল) |
| ৭.৯ | উপজেলা শিক্ষা অফিস :<br>সহকারী উপজেলা শিক্ষা অফিসার জানান, তাঁহার বিভাগের কাজ স্বাভাবিক চলছে। তিনি জানান,<br>ক) ১২.০৯.২০২১ইং তারিখ হতে বিদ্যালয়ে পাঠদান শুরু হয়েছে।<br>খ) শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক নির্দেশিত কোভিড-১৯ নিয়ন্ত্রণে স্বাস্থ্যবিধি অনুসরণ পূর্বক বিদ্যালয় চালু রাখার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।<br>গ) বিদ্যালয়ে বিভিন্ন উন্নয়নমূলক কাজ যথারীতি চলছে।<br>ঘ) অভিভাবকদের উদ্বুদ্ধকরণ সহ মা সমাবেশ, অভিভাবক সমাবেশ ও এসএমসি'র সভার সভা নিয়মিত করা হচ্ছে। | ক) বিদ্যালয়ে ছাত্রছাত্রীদের লেখাপড়ার মান অব্যাহত রাখতে হবে।<br>খ) মানসম্মত শিক্ষা, মাল্টিমিডিয়া ক্লাস রুম ও শ্রেণীকক্ষে নিয়মিত পাঠদান এর বিষয়ে ব্যবস্থা নিতে হবে।<br>গ) যে সমস্ত বিদ্যালয়ে বিষয়ভিত্তিক শ্রেণী শিক্ষক নেই সেসব বিদ্যালয়ে শিক্ষক পদায়নের ব্যবস্থা নিতে হবে।<br>ঘ) বিদ্যালয় সমূহে মাল্টিমিডিয়া ক্লাস পরিচালনা করতে হবে।<br>ঙ) মীড ডে স্কুল মীল নিয়মিত চালু রাখার জন্য প্রধান শিক্ষক সহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।<br>চ) উপজেলা শিক্ষা কমিটির সভা আহবান পূর্বক শিক্ষা সংক্রান্ত যাবতীয় বিষয় সমস্যার সমাধান করতে হবে। | ১। উপজেলা শিক্ষা অফিসার<br>২। সহঃ উপজেলা শিক্ষা অফিসার<br>৩। প্রধান শিক্ষক (সকল) |
| | | | |

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়[ন] কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ৭.১০ | **উপজেলা মৎস্য বিভাগ :** উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান, তাহার বিভাগের কাজ স্বাভাবিক চলছে। তিনি বলেন, অত্র উপজেলায় ক্রীকে তালিকা তৈরি করা হয়েছে। উপজেলা চেয়ারম্যান মহোদয়ের অনুমোদন সাপেক্ষে চূড়ান্ত তালিকা উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবরে প্রেরণ করা হবে। | ক) উপজেলা মৎস্য বিভাগের সেবা প্রদান কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>খ) আগামী সভায় উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিত করতে হবে।<br>গ) নতুন কার্যক্রম গ্রহণের পূর্বে উপজেলা পরিষদে অবহিত করতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ৭.১১ | **উপজেলা প্রাণি সম্পদ দপ্তর :** উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা সভায় জানান, তাহার বিভাগের কাজ স্বাভাবিক চলছে। তিনি জানান, গবাদি পশু, হাঁস মুরগীর চিকিৎসা, কৃত্রিম প্রজনন, টিকা প্রদানসহ অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলছে। গত অক্টোবর/২০২১ মাসে ২৩৬টি গাভীকে জাত উন্নয়নের জন্য কৃত্রিম প্রজনন করা হয়েছে। পাশাপাশি ১১৩৬ মাত্রা গবাদি পশু ও ২৫০০ মাত্রা হাঁস মুরগির টিকা প্রদান এবং ১৯৮০টি গবাদি পশু ও ১১১০০টি হাঁস-মুরগির চিকিৎসা প্রদান করা হয়েছে। | ক) উপজেলা প্রাণি সম্পদ দপ্তরের সেবা প্রদান কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>খ) ইউনিয়ন পর্যায়ে প্রাণি সম্পদ কার্যালয়ের সেবা প্রদান কার্যক্রম বাড়াতে হবে। | ১। উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা |
| ৭.১২ | **উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ :** উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী সভায় জানান, তাহার বিভাগের কাজ স্বাভাবিক চলছে। বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে ২০২১-২০২২ অর্থ বছরের নলকূপ স্থাপন, রিংওয়েল ও ওয়াশব্লকের কাজ করা হবে। | ক) উপজেলা জনস্বাস্থ্য বিভাগের কাজ জনসেবায় নিশ্চিত করতে হবে।<br>খ) বিভাগীয় কার্যক্রম সম্পর্কে উপজেলা পরিষদকে নিয়মিত অবহিত করতে হবে।<br>গ) প্রদত্ত ওয়াশব্লকসমূহ স্থাপনের গুনগত মান নিশ্চিত করা ও কাজ শেষে উপজেলা পরিষদকে প্রতিবেদন দেয়ার জন্য উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলীকে অনুরোধ করেন।<br>ঘ) পুরাতন ও অকেজো নলকূপ ও রিংওয়েল সমূহ চলতি মৌসুমে মেরামতরে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে। | জনস্বাস্থ্য প্রকৌশলী |
| ৭.১৩ | **উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর :** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার অনুপস্থিতের কারণে বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা যায়নি। | ক) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ের সেবার মান আরো বাড়াতে হবে।<br>খ) দরিদ্র মা'র মাতৃত্বকাল ভাতা প্রদান কার্যক্রমের আওতায় নতুন ভাতাভোগী নির্বাচনের পূর্বে উপজেলা পরিষদকে অবহিত করতে হবে।<br>গ) বেসরকারী এনজিও প্রতিনিধিকে পত্র প্রেরণ করার মাধ্যমে সমিতির সদস্যদের টাকা ফেরত প্রদানের ব্যাপারে জোরদার ভূমিকা রাখতে হবে।<br>ঘ) আজিজনগর ও ফাইতং ইউনিয়নের হতদরিদ্রদের ভিজিডি সঞ্চয়ের টাকা জরুরি ভিত্তিতে ফেরৎ প্রদানের ব্যাপারে আইনী ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ৭.১৪ | **উপজেলা যুব উন্নয়ন বিভাগ :** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, যুব উন্নয়ন বিভাগের কাজ স্বাভাবিকভাবে চলছে। অক্টোবর/২০২১ মাসে<br>ক) পরিবার ভিত্তিক মোট ঋণ তহবিল-৮৪,৯৫,৪৬৫<br>খ) ক্রমপুঞ্জিত বিতরণ-৪,৯৭,৮০,০০০<br>গ) ক্রমপুঞ্জিত আদায়-৪,৮৬,৬০,১৯০<br>ঘ) ক্রমপুঞ্জিত সদস্য সংখ্যা- ৬,৯২১ জন<br>ঙ) আদায়ের হার-৯৯.৬৮%<br>চ) খেলাপী টাকার পরিমাণ- ১,৫৪,৬৫০<br>ছ) খেলাপী সদস্যা সংখ্যা- ৬৬জন | ক) যুব উন্নয়ন বিভাগের জনসেবার বিষয়টি নিশ্চিত করতে হবে।<br>খ) মাঠ পর্যায়ে ঋণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে। ঋণ কার্যক্রমের তালিকা উপজেলা পরিষদে প্রেরণ করতে হবে।<br>গ) যুব উন্নয়ন এর প্রশিক্ষণ কার্যক্রম ও ঋণ বিতরনের পূর্বে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানবৃন্দের সাথে আলোচনাক্রমে কার্যক্রম সম্পন্ন করতে হবে। | ১। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা<br>২। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল) |

<table>
<tr><th>ক্র:নং</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী কর্তৃপক্ষ</th></tr>
<tr><td></td><td>জ) চলতি মাসে আদায়- ১,৩১,৪৪০<br>আত্মকর্ম ঋণ:<br>ক) ঋণ তহবিল-২৫,৩৫,২০০<br>খ) ক্রমপুঞ্জিত বিতরণ-২,৩৬,৮০,০০০<br>গ) ক্রমপুঞ্জিত আদায়- ২,০৯,৭৮,৫৪৯<br>ঘ) ক্রমপুঞ্জিত সদস্য সংখ্যা- ১০৪১ জন<br>ঙ) আদায়ের হার- ৯৭%<br>চ) চলতি মাসে আদায়- ১,০৮,৪০০<br>ছ) চলতি আদায় হার- ১০০%<br>জ) খেলাপী সদস্য সংখ্যা ৭৪ জন।<br>ঝ) খেলাপী টাকার পরিমাণ- ৬,২৬,৫৭১<br>প্রশিক্ষণ কার্যক্রম (রাজস্ব) :<br>চলতি অর্থবছরে বাজেট বরাদ্দ পাওয়া সাপেক্ষে প্রশিক্ষণ প্রদান করা হবে।<br>ক্রম- পুরুষ ২০২২ ও মহিলা ২৪০৭ জন সহ সর্বমোট= ৪৪২৯ জন।<br>জোড়দারকরণ প্রকল্প :<br>ক) চলতি অর্থবছরে বাজেট বরাদ্দ পাওয়া সাপেক্ষে প্রশিক্ষণ প্রদান করা হবে।<br>খ) ক্রমপুঞ্জিত প্রশিক্ষণার্থীর সংখ্যা পুরুষ ৫৬৩জন ও মহিলা ১০৯৭ জন সহ সর্বমোট ১৬৬০জন।</td><td>ঘ) সেলাই, কম্পিউটার এবং অন্যান্য প্রশিক্ষণে অংশগ্রহণকারীর সংখ্যা বৃদ্ধি করতে হবে।<br>ঙ) খেলাপী ঋণ আদায়ে মাঠ পর্যায়ে কার্যক্রম তদারকি করতে হবে।<br>চ) প্রশিক্ষণ প্রদান কার্যক্রম কিংবা ঋণ বিতরনের পূর্বে উপজেলা পরিষদ এবং মুখ্য নির্বাহী কর্মকর্তাকে অবহিত করতে হবে।<br>ছ) ইউনিয়ন ভিত্তিক যুব উন্নয়ন বিভাগের কার্যক্রম আরো গতিশীল করতে হবে।</td><td></td></tr>
<tr><td>৭.১৫</td><td>উপজেলা সমবায় বিভাগ :<br>ক) উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান, তাহার বিভাগের কাজ স্বাভাবিক চলছে। অত্র উপজেলায় নতুন যোগদান করায় তিনি সকলকে অনুরোধ করেন। ২০২১-২০২২ইং সনের বার্ষিক অডিট ও পরিদর্শন কার্যক্রম চলমান রয়েছে। সরকারি রাজস্ব শতভাগ আদায় করে সরকারি কোষাগারে জমা দেয়া হয়েছে।</td><td>ক) সমবায় বিভাগের জনসেবার বিষয়টি নিশ্চিত করতে হবে এবং সমবায় সমিতি সমূহের যাবতীয় হালনাগাদ তথ্যাদি সংরক্ষণ করতে হবে।<br>খ) লক্ষ্যমাত্রা অনুযায়ী রাজস্ব আদায় করে সরকারি কোষাগারে জমা দিতে হবে।</td><td>১। উপজেলা সমবায় কর্মকর্তা</td></tr>
<tr><td>৭.১৬</td><td>উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ :<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে। তিনি নিম্নে অক্টোবর/২০২১ মাসের প্রতিবেদন উপস্থাপন করেন।
<table>
<tr><th>নং</th><th>বিবরণ</th><th>চলতি</th><th>ক্রমপুঞ্জিত</th></tr>
<tr><td>১</td><td>সমিতি গঠন</td><td>নাই</td><td>১৪২টি</td></tr>
<tr><td>২</td><td>সদস্য ভর্তি</td><td>নাই</td><td>২৫৩৮ জন</td></tr>
<tr><td>৩</td><td>শেয়ার আদায়</td><td>০.০২ লক্ষ</td><td>৫.০৭ লক্ষ</td></tr>
<tr><td>৪</td><td>সঞ্চয় আদায়</td><td>০.৩০ লক্ষ</td><td>১৭.২০ লক্ষ</td></tr>
<tr><td>৫</td><td>ঋণ বিতরণ</td><td>৭.০০ লক্ষ</td><td>৩১৬.০০ লক্ষ</td></tr>
<tr><td>৬</td><td>ঋণ আদায়</td><td>১.১৭ লক্ষ</td><td>২৫৭.৭৫ লক্ষ</td></tr>
</table>
ঙ) আদায়ের হার ৮৩%।</td><td>ক) খেলাপী ঋণ আদায়ের জোর প্রচেষ্টা অব্যাহতসহ ঋণ বিনিয়োগ বৃদ্ধিকরনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>খ) স্থানীয় জনপ্রতিনিধিদের মতামত/পরামর্শ/ সহযোগিতা নিয়ে প্রকল্প কার্যক্রম সম্প্রসারনের উদ্যোগ করতে হবে।<br>গ) ঋণ খেলাপীদের বিরুদ্ধে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>ঘ) উপজেলা পল্লী উন্নয়ন বিভাগের সেবা আরো বৃদ্ধি করতে হবে।</td><td>১। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা</td></tr>
<tr><td>৭.১৭</td><td>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তার কার্যালয় :<br>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা জানান,<br>ক) জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্প এর প্রি-টেস্ট কার্যক্রমের তথ্য সংগ্রহ এবং মূল শুমারির তথ্যসংগ্রহকারী ও সুপারভাইজার তালিকা হালনাগাদকরণ এবং তথ্যসংগ্রহকারী ও সুপারভাইজার তালিকা ICMS (Integrated Cencus Managment System) এ ইনপুট দেওয়া সম্পন্ন হয়েছে।<br>খ) কৃষিমজুরি CPI, Minor Crops ও দাগগুচ্ছক যাবতীয় বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে।<br>গ) দারিদ্র পরিস্থিতি পরিমাপের Rapid জরিপ (RSPA-2021) অর্থাৎ Rapid Survey : Poverty Assessment-2021 এর তথ্য সংগ্রহের কাজ চলমান।</td><td>ক) উপজেলা পরিসংখ্যান বিভাগের সেবা প্রদানে আরো আন্তরিক হতে হবে।<br>খ) সকল কার্যক্রম শেষ করে উপজেলা পরিষদে প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করতে হবে।</td><td>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা</td></tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| ৭.১৮ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, লামা (UGDP) :<br>লামা উপজেলা উপজেলা মূল্যায়নের ফলে ৫ম বছরের জন্য নির্বাচিত হয়েছে। সেহেতু,<br>উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় ২০২০-২০২১ অর্থ বছরের অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প ও সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্প বাস্তবায়নের জন্য উপ-প্রকল্প সমূহ গ্রহণ করে উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবরে প্রেরণ করতে হবে। | ২০২০-২০২১ অর্থ বছরের জন্য অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প ও সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্প গ্রহণ করতে হবে।<br>ক) চিতা ঝিড়ি হতে ওয়াক্রাউ পাড়ার মধ্যস্থানে পানির লাইন স্থাপন। -------১০ লক্ষ।<br>খ) সাবেক বিলছড়ি মার্মা পাড়ায় ওয়াশরুক নির্মাণ---- ১০ লক্ষ।<br>গ) ফাইতং ইউনিয়নে কৃষি কাজের জন্য সেচ ড্রেন নির্মাণ। -------------- ২০ লক্ষ। | ১। উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর |

| উপ-প্রকল্পের নম্বর | উপ-প্রকল্পের নাম | বিভাগ/দপ্তর | প্রকল্প ব্যয় (ভ্যাট ও ট্যাক্স ব্যতীত) | প্রকল্প ব্যয় (ভ্যাট ও ট্যাক্সসহ) |
|---|---|---|---|---|
| CD-২০২০-২১-২০০৩৫১-০১ | বয়:সন্ধিকালীন সময়ে কিশোর-কিশারীদের প্রজনন স্বাস্থ্য বিষয়ক প্রশিক্ষণ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ | ১৬৭৪০২.০০ | ১৮০৬০০.০০ |
| CD-২০২০-২১-২০০৩৫১-০২ | সদ্য নির্বাচিত বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটির সদস্যদের দায়িত্ব ও কর্তব্য বিষয়ের উপর প্রশিক্ষণ | উপজেলা শিক্ষা অফিস | ১৫৮৫১৪.০০ | ১৬৮২০০.০০ |
| CD-২০২০-২১-২০০৩৫১-০৩ | পুকুর ও ক্রীক বাঁধে আধুনিক পদ্ধতিতে শিং, কৈ ও দেশীয় জাতের মৎস্য চাষ বিষয়ক প্রশিক্ষণ | উপজেলা মৎস্য অফিস | ১৪০৩৭৪.০০ | ১৪৮৩০০.০০ |
| CD-২০২০-২১-২০০৩৫১-০৪ | আধুনিক পদ্ধতিতে কফি ও কাজুবাদাম চাষ বিষয়ক প্রশিক্ষণ | উপজেলা কৃষি অফিস | ১০৭২৫০.০০ | ১১৩৫০০.০০ |
| CD-২০২০-২১-২০০৩৫১-০৫ | নিরাপদ প্রাণীজ আমিষের উৎপাদন বৃদ্ধিকল্পে ডেইরি ফার্ম ব্যবস্থাপনার উপর খামারীদের প্রশিক্ষণ | উপজেলা প্রাণিসম্পদ অফিস | ১৪১৩৫৪.০০ | ১৫১২০০.০০ |
| CD-২০২০-২১-২০০৩৫১-০৬ | বেসিক ম্যানেজমেন্ট ইন লেভেল ওয়ান আইসিইউ এন্ড ইমারজেন্সী বিষয়ক প্রশিক্ষণ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ | ১৮৩৩১৬.০০ | ১৯৪৬৯৪.০০ |
| CD-২০২০-২১-২০০৩৫১-০৭ | ইউনিয়ন পরিষদের সচিব, উদ্যোক্তা ও সরকারী কর্মকর্তা -কর্মচারীদের আইসিটি বিষয়ক প্রশিক্ষণ | স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ | ১০১৭৯০.০০ | ১০৮০০০.০০ |
| | মোট | | ১০০০০০০.০০ | ১০৬৪৪৯৪.০০ |

| | | | |
|---|---|---|---|
| ৭.১৯ | লামা উপজেলার মডেল মসজিদ এর কাজ বন্ধ থাকা প্রসঙ্গে:<br>লামা উপজেলা পরিষদের একমাত্র এর নির্মাণ কাজ বন্ধ রয়েছে। উপজেলার প্রাণকেন্দ্রে অবস্থিত একমাত্র মসজিদ ভবনটির কাজ দ্রুতভাবে সম্পন্ন করার ব্যাপারে ঠিকাদারকে তাগাদা দেয়ার ব্যাপারে অনুরোধ করেন। | সভায় উক্ত বিষয়ে বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। মডেল মসজিদ ও ইসলামিক পাঠাগার এর কাজ দ্রুত সম্পন্ন করার জন্য ঠিকাদারকে তাগিদ দিতে হবে। | উপজেলা প্রকৌশলী |
| ৭.২০ | উপজেলা পরিষদের রাজস্ব তহবিল এর খরচ প্রসঙ্গে :<br>নিম্নে অক্টোবর/২০২১ = ০১ মাসের খরধচ উপস্থাপন করা হলো।<br>১। চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের সম্মানী --- ৯৯,০০০/-<br>(চেয়ারম্যান- ৪৫,০০০ এবং ভাইস চেয়ারম্যানদ্বয় ২৭০০০ X ২ জন)<br>২। আপ্যায়ন খরচ ৩০,০০০/-<br>৩। পরিচ্ছন্নতা কর্মীর সম্মানী ৮০০০ X ১ --- ৮,০০০/-<br>৪। আনুষাঙ্গিক ব্যয় ৫০০০ X ১ --- ৫,০০০/-<br>৫। পত্রিকা, টেলিফোন ও ইন্টারনেট ২,০০০/-<br>সর্বমোট = ১,৪৪,০০০/- | উপস্থাপিত খরচ সমূহ উপজেলা পরিষদে রাজস্ব তহবিলে স্থিতি থাকা সাপেক্ষে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশনা অনুযায়ী ব্যয় করতে হবে। | অফিস সুপার/সিএ |

সভাপতি উল্লিখিত সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়নের জন্য বিভাগীয় প্রধানসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। লামা উপজেলার উন্নয়নমূলক কর্মকান্ডের ধারা অব্যাহত রাখার জন্য তিনি সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। তাছাড়া বৈশ্বিক মহামারি নভেল করোনা ভাইরাস এর প্রাদুর্ভাবের কারনে অত্র উপজেলায় করোনা ভাইরাস প্রতিরোধে সকলকে স্বাস্থ্যবিধি মেনে চলা এবং অন্যান্যদের মেনে চলার অনুরোধ করেন।

পরিশেষে, আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে অনলাইনে সংযুক্ত থাকার জন্য ধন্যবাদ জ্ঞাপন করে সভা সমাপ্তি ঘোষনা করেন।

১৪/১০/২০২১
(মোঃ মোস্তফা জামাল)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
লামা, বান্দরবান পার্বত্য জেলা।
E-mail: upazilalama@gmail.com

স্মারক নম্বর: ০৫.৪২.০৩৫১.২০৫.০৬.০০১০.২০২১-৬০

তারিখ : ১৪ অক্টোবর ২০২১

অনুলিপি, সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
০৩। জেলাপ্রশাসক, বান্দরবান পার্বত্য জেলা।
০৪। উপপরিচালক, স্থানীয় সরকার, বান্দরবান পার্বত্য জেলা।
০৫। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লামা, বান্দরবান পার্বত্য জেলা।
০৭। মেয়র, লামা পৌরসভা, বান্দরবান পার্বত্য জেলা।
০৮। ভাইস চেয়ারম্যান / মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লামা।
০৯। চেয়ারম্যান............................ ইউনিয়ন পরিষদ (সকল) লামা, বান্দরবান পার্বত্য জেলা।
১০। জনাব..........................................................................................

১৪/১০/২০২১
(মোঃ মোস্তফা জাবেদ কায়সার)
মুখ্য নির্বাহী কর্মকর্তা
লামা উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার
লামা, বান্দরবান পার্বত্য জেলা।